



## ইরান চুক্তির সঙ্গে আব্রাহাম চুক্তি জুড়ে দিলেন ডোনাল্ড ট্রাম্প



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে সম্ভাব্য সমঝোতা আলোচনার পাশাপাশি মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশকে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার আহ্বান জানিয়েছেন। তিনি সৌদি আরব, কাতার, পাকিস্তান, তুরস্ক, মিশর ও জর্ডানকে এ উদ্যোগে যুক্ত হওয়ার কথা বলেন।

সোমবার (২৫ মে) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি বলেন, ইরানের সঙ্গে চুক্তি হলে ওই দেশগুলোও একটি বড় কূটনৈতিক জোটে যুক্ত হতে পারে, যা আঞ্চলিক স্থিতিশীলতায় ভূমিকা রাখবে।

তিনি আরও জানান, এরই মধ্যে কয়েকটি দেশের নেতার সঙ্গে তাঁর কথা হয়েছে। পাশাপাশি সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইনের নেতাদের সঙ্গেও আলোচনা হয়েছে, যারা আগে থেকেই ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করেছে।

তবে পাকিস্তান এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। দেশটির একটি সূত্র জানায়, ইরান ইস্যু এবং ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার বিষয় দুটি আলাদা, একটিকে আরেকটির সঙ্গে যুক্ত করা ঠিক নয়।

বিশ্লেষকদের মতে, গাজায় চলমান পরিস্থিতির কারণে মুসলিম বিশ্বে জনমত বেশ সংবেদনশীল অবস্থায় আছে। তাই এই আহ্বানে ইতিবাচক সাড়া পাওয়ার সম্ভাবনা কম। অন্যদিকে বেনিয়ামিন নেতানিয়াহুর দপ্তর থেকেও এ বিষয়ে এখনো কোনো মন্তব্য আসেনি।